গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মবিঅ-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ৩২.০০.০০০০.০২৮.২৫(৪).৪৫.২০১৪- ৫৩৭

তারিখঃ ১৫/১২/২০১৪ খ্রিঃ।

বিষয় ঃ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রের প্রস্তাবিত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ খসড়া নীতিমালা অনুমোদন সংক্রান্ত।

সুত্র ঃ (১) মবিঅর নং-৩২.০১.০০০০.০০২.২০.১০০.১৪-৯১, তারিখ ঃ ২৬/০৮/২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত পত্রের বরাতে মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীন রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৭টি আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ নীতিমালা, ২০১৪ এর খসড়া নীতিমালাটি আংশিক সংশোধনপূর্বক নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো ঃ

(ক) শহীদ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী, জিরানী, গাজীপুর;
(খ) মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, জিরাবো, সাভার, ঢাকা;
(গ) বেগম রোকেয়া প্রশিক্ষণ কেন্দ্র, দিঘারকান্দা, ময়মনসিংহ;
(ঘ) মানব সম্পদ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, সফুরা, রাজশাহী;
(ঙ) মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, বাগেরহাট;
(চ) মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর এবং
(ছ) মা ফাতেমা (রাঃ) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স, সারিয়াকান্দি, বগুড়া।

সংযুক্তি ঃ খসড়া নীতিমালার কপি।

(মোঃ এ. জাফর সরকার)
উপসচিব
☎৯৫১৫২২৬

মহাপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর,
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

D:\Azibar\Nitimala\Training\Order.doc

# আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রের প্রস্তাবিত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ নীতিমালা

মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সেপ্টেম্বর ২০১৪

## আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ নীতিমালা

১.০ পটভূমি ঃ

১.১ বাংলাদেশের জনসংখ্যার অর্ধেক নারী। নারী- পুরুষের সমতা ভিত্তিক সমাজ বিনির্মাণে এবং নারীর ক্ষমতায়নের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বিভিন্ন ধরনের কাজ করছে। অর্থনৈতিক ও সামাজিক কর্মকান্ডের মূল স্রোতে নারীর অংশগ্রহন ও নারীর সার্বিক ক্ষমতায়ন নিশ্চিত করা সুষম উন্নয়নের অন্যতম পূর্বশর্ত। বাংলাদেশের সংবিধানে নারীর মর্যাদা ও অধিকার সুস্পষ্ঠভাবে স্বীকৃত। আজও বিভিন্ন কারণে নারীকে অনেক বেশী প্রতিকুলতার মধ্যে জীবনযাপন করতে হচ্ছে। এই প্রতিকুলতা জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় নারীর সম্পৃক্ত করণে প্রতিবন্ধকতা সৃষ্টি এবং মৌলিক মানবাধিকার থেকে নারী বঞ্চিত হচেছ। বর্তমান নারী বান্ধব সরকার তথা মহিলা বিষয়ক অধিদপ্তর নারীর ব্যাপক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করছে।

১.২ নারী জনসম্পদকে দক্ষ মানব সম্পদে রূপান্তরের জন্য দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ প্রয়োজন। দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে দেশের দরিদ্র, অসহায় স্বল্প শিক্ষিত গ্রামীন ও শহর উভয় এলাকার মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে মহিলা বিষয়ক অধিদপ্তরের আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র সমূহ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ কর্মী হিসেবে গড়ে তুলছে। রাজস্ব বাজেটের আওতায় দেশের বিভিন্ন জেলায় অবস্থিত ৭টি আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রে মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

১.৩ আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র সমূহের নাম ও অবস্থান ঃ

ক) শহীদ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী, জিরানী , গাজীপুর।
খ) মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, জিরাবো, সাভার, ঢাকা।
গ) বেগম রোকেয়া প্রশিক্ষণ কেন্দ্র, দিঘারকান্দা, ময়মনসিংহ।
ঘ) মানব সম্পদ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, সফুরা, রাজশাহী।
ঙ) মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, বাগেরহাট
চ) মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর
ছ) মা ফাতেমা (রাঃ) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স, সারিয়াকান্দি, বগুড়া।

২. প্রশিক্ষণের উদ্দেশ্য ঃ

২.১ নারীর জীবিকা অর্জনের জন্য যুগোপযোগী, প্রয়োগমুখী ও শ্রম বাজার চাহিদা ভিত্তিক ট্রেড নির্বাচন পূর্বক প্রশিক্ষণ প্রদান;

২.২ আত্ম- কর্মসংস্থান এবং নতুন নতুন কর্মক্ষেত্র সৃষ্টি করা;

২.৩ দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনসম্পদে রূপান্তর করা;

২.৪ দক্ষতা বৃদ্ধি ও কর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিক এবং সামাজিক ভাবে ক্ষমতায়ন করা এবং

২.৫ মহিলাদের সচেতনতা বৃদ্ধি ও আত্ম নির্ভরশীল করার মাধ্যমে সুখী ও সমৃদ্ধ সমাজ গঠন করা।

প্রশিক্ষণ এলাকা ঃ

সমগ্র বাংলাদেশ। তবে প্রশিক্ষণ কেন্দ্রের অবস্থান অনুযায়ী এলাকার চাহিদা ভিত্তিক (অনগ্রসর, প্রতিবন্ধী এবং ক্ষুদ্র নৃতাত্ত্বিক) প্রশিক্ষণার্থী নির্বাচনে অগ্রাধিকার প্রদান করা হবে।

৪.০ বাস্তবায়ন কৌশল ঃ

৪.১ দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কোর্স (ট্রেড) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদন প্রাপ্ত হতে হবে ;

৪.২ জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রমসমূহ ৩৬০ ঘন্টা/৬ মাস মেয়াদী, প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে ;

৪.৩ জাতীয় দক্ষতা ও প্রশিক্ষণ উন্নয়ন কাউন্সিল (এন এস ডি সি) কর্তৃক নির্ধারিত বেসিক স্কিল ষ্ট্যান্ডার্ড-এ নির্ধারিত বিষয়বস্তুর ভিত্তিতে কারিকুলাম (সিলেবাস) অনুযায়ী পাঠদান ;

৪.৪ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় প্রশিক্ষণের মূল্যায়ণ ও দক্ষতা যাচাই শেষে বোর্ডের অধীন প্রশিক্ষিতদের সনদ প্রদান ;

৪.৫ দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি, কাঁচামালসহ সকল ভৌত অবকাঠামোর ব্যবস্থা করা ;

৪.৬ দক্ষতা ভিত্তিক (প্রতি ট্রেড) প্রশিক্ষণ প্রদানের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের ট্রেড প্রশিক্ষকের যথাযথ প্রশিক্ষণ প্রদান করা ;

৪.৭ প্রশিক্ষণ কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালনার জন্য (সকল প্রশিক্ষণ কেন্দ্র সমূহের জন্য) কেন্দ্রীয় পর্যায়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের মহা পরিচালককে সভাপতি করে ১টি কমিটি এবং স্থানীয় পর্যায়ে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে সরকারের অন্যান্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে একটি পরিচালনা কমিটি থাকবে।

৪.৮ জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবরে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র হতে ভর্তি বিজ্ঞপ্তি প্রেরণ করতে হবে।

UNO/DC

৫.০ প্রশিক্ষণ কেন্দ্রের বাজেট ঃ মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব বাজেট হতে ব্যয় নির্বাহ করা হবে।

৬.০ প্রশিক্ষণের মেয়াদকাল ঃ প্রতি ট্রেডের প্রশিক্ষণের মেয়াদকাল ৩ মাস ও বছরে ৪টি ব্যাচ/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদনক্রমে জাতীয় দক্ষতামান ৩৬০ ঘন্টা/৬ মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে।

৭.০ প্রশিক্ষণের ট্রেড ও প্রশিক্ষণার্থীর সংখ্যা ঃ প্রতিটি কেন্দ্রের জন্য এলাকার চাহিদা, যুগোপযোগী এবং কর্মমূখী ট্রেড যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রাপ্ত হতে হবে। প্রতিটি ট্রেডে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের প্রবিধান মালা অনুসরন করা হবে।

৮.০ সকল আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনার জন্য পরিচালনা কমিটি।

৮.১ কেন্দ্র পরিচালনা, তদারকী ও প্রশিক্ষণ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য কেন্দ্রীয় কমিটি নিম্নরুপ ঃ

| ক্র.নং | পদবী | প্রতিষ্ঠান/সংস্থা | কমিটির পদ |
|---|---|---|---|
| ১. | মহাপরিচালক | মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | সভাপতি |
| ২. | মহাপরিচালক | কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৩. | চেয়ারম্যান | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪. | প্রধান নির্বাহী কর্মকর্তা | জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC), এন এস ডিসি সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৫. | পরিচালক | মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৬. | উপ-সচিব (বাজেট) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ৭. | উপ-পরিচালক/আয়ন-ব্যয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ক) শহীদ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী, জিরানী, গাজীপুর।<br>খ) মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, জিরাবো, সাভার, ঢাকা।<br>গ) বেগম রোকেয়া প্রশিক্ষণ কেন্দ্র, দিঘারকান্দা, ময়মনসিংহ।<br>ঘ) মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সপুরা, রাজশাহী।<br>ঙ) মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, বাগেরহাট<br>চ) মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর<br>ছ) মা ফাতেমা (রাঃ) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স, সারিয়াকান্দি, বগুড়া। | সদস্য |
| ৮. | সহকারী পরিচালক (অর্থ) | মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৯. | উপ-পরিচালক (প্রশিক্ষণ) | মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | সদস্য সচিব |

কমিটির কার্য পরিধি ঃ

ক) কমিটি ০৩ (তিন) মাস অন্তর সভা আহবান করে প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতি, সমস্যা চিহ্নিত এবং সমাধানের দিক নির্দেশনা প্রদান;

খ) Industry Linkage, জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি এবং প্রশিক্ষণ কেন্দ্র উন্নয়ন বিষয়াদি সমন্বয় সাধন;

গ) স্থানীয় কেন্দ্র পরিচালনা কমিটির সুপারিশের আলোকে ব্যবস্থা গ্রহন;

ঘ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপট ও যে কোন সময় সভা আহবান করতে পারবে;

ঙ) বিবিধ।

৮.২ স্থানীয় পর্যায় কেন্দ্র পরিচালনা কমিটি (জেলা সদরে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রের জন্য) ঃ

| ক্র.নং | পদবী | প্রতিষ্ঠান/সংস্থা | কমিটির পদ |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সংশ্লিষ্ট জেলা | সভাপতি |
| ২. | অধ্যক্ষ | পলিটেকনিক ইনষ্টিটিউট/কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) | সদস্য |
| ৩. | উপ-পরিচালক | যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৪. | উপ-পরিচালক | সমাজ সেবা অধিদপ্তর | সদস্য |
| ৫. | চেয়ারম্যান | জাতীয় মহিলা সংস্থা | সদস্য |
| ৬. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৭. | উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি ঃ

ক) স্থানীয়ভাবে কেন্দ্রের যাবতীয় সমস্যা চিহ্নিতকরণ, সমাধান/সমাধানের জন্য কেন্দ্রীয় কমিটির বরাবর সুপারিশ ;

খ) স্থানীয় চাহিদার প্রেক্ষিতে নতুন নতুন ট্রেড নির্বাচন পূর্বক কেন্দ্রীয় কমিটি বরাবর সুপারিশ ;

গ) প্রতি ৩ (তিন) মাস অন্তর একবার সভা আহবান করে প্রশিক্ষণার্থীর সুযোগ, সুবিধা বৃদ্ধি, কেন্দ্রের সার্বিক তদারকী এবং নিরাপত্তার বিষয়ে পর্যালোচনা পূর্বক ব্যবস্থা গ্রহণ ;

ঘ) স্থানীয় পর্যায়ে বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি/অন্য কোন সম্মানীয় ব্যক্তিকে কমিটিতে কো-অপট করা যাবে ;

ঙ) বিবিধ।

৮.৩ স্থানীয় পর্যায় কেন্দ্র পরিচালনা কমিটি (উপজেলা সদরে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রের জন্য) ঃ

| ক্র.নং | পদবী | প্রতিষ্ঠান/সংস্থা | কমিটির পদ |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সংশ্লিষ্ট উপজেলা | সভাপতি |
| ২. | অধ্যক্ষ | পলিটেকনিক ইনষ্টিটিউট/কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) (যদি থাকে) | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৪. | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | উপজেলা সমাজ সেবা অধিদপ্তর | সদস্য |
| ৫. | চেয়ারম্যান | উপজেলা জাতীয় মহিলা সংস্থা | সদস্য |
| ৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৭. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি ঃ ৮.২ এ উল্লেখিত কার্যপরিধি এক্ষেত্রে প্রযোজ্য।

৯.০ সম্মানী ভাতা ঃ

কেন্দ্রীয় ও স্থানীয় কেন্দ্র পরিচালনা কমিটির সভায় উপস্থিতির জন্য প্রত্যেক সদস্যকে জনপ্রতি ১০০০/- টাকা হারে সম্মানী ভাতা প্রদান করা হবে।

১০.০০ প্রশিক্ষণার্থী নির্বাচনের জন্য ভর্তি বিজ্ঞপ্তি ঃ

১০.১ প্রশিক্ষণার্থী নির্বাচনের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয় ঢাকা হতে সকল কেন্দ্রের জন্য ১টি ভর্তি বিজ্ঞপ্তি মহাপরিচালক/পরিচালক এর স্বাক্ষরে ২টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে। স্থানীয়ভাবে/আলাদা ভাবে ভর্তি বিজ্ঞপ্তি পত্রিকাতে প্রকাশ করা যাবে না। ভর্তি বিজ্ঞপ্তি জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, অধিদপ্তরের নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন ও সিবিও বরাবরে প্রেরণ করা হবে। জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ এলাকা হতে কমপেক্ষে ২জন প্রশিক্ষণার্থী নির্বাচন পূর্বক সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণ করবেন। এ সংক্রান্ত সকল কার্যক্রম অধিদপ্তরের প্রশিক্ষণ শাখা সম্পাদন করবে।

১০.২ প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তির ১টি নমুনা- পরিশিষ্ট-১

১১। প্রশিক্ষণার্থী ভর্তি কমিটি নিম্নরূপ ঃ

১১.১ জেলা সদরে প্রশিক্ষণ কেন্দ্রের অবস্থান অনুযায়ী ভর্তি কমিটি ঃ

| ক্রঃনং | পদবী | প্রতিষ্ঠান | ভর্তি কমিটির পদবী |
|---|---|---|---|
| ১। | উপ-পরিচালক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র | আহ্বায়ক |
| ২। | জেলা প্রশাসক এর একজন প্রতিনিধি | জেলা প্রশাসক | সদস্য |
| ৩। | জেলা শিক্ষা অফিসার এর ১ জন প্রতিনিধি | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৫। | সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক | সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র | সদস্য সচিব |

১১.২ কমিটির কার্যপরিধি ঃ

ক) প্রশিক্ষণার্থী নির্বাচন সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন;

খ) প্রশিক্ষণার্থীদের অপেক্ষমান তালিকা তৈরীকরন;

গ) বিবিধ।

১১.৩ উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কেন্দ্রের অবস্থান অনুযায়ী ভর্তি কমিটি ঃ

| ক্রঃ নং | পদবী | প্রতিষ্ঠান | ভর্তি কমিটির পদবী |
|---|---|---|---|
| ১। | সহকারী পরিচালক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র | আহ্বায়ক |
| ২। | উপজেলা নির্বাহী অফিসার এর ১ জন প্রতিনিধি | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৩। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর ১ জন প্রতিনিধি | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৫। | সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক | সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র | সদস্য সচিব |

১১.৪ কমিটির কার্যপরিধি ঃ

ক) প্রশিক্ষণার্থী নির্বাচন সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন;

খ) প্রশিক্ষণার্থীদের অপেক্ষমান তালিকা তৈরীকরণ;

গ) বিবিধ।

১২. প্রশিক্ষণার্থীর খোরাকী ঃ মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব বাজেট খোরাকী কোড নং ৪৮৯১ হতে সকল কেন্দ্রের আবাসিক সুবিধাপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর খাদ্যের ব্যয়ভার মিটানো হবে। দৈনিক প্রতিজন প্রশিক্ষণার্থীর জন্য ১৫০/-টাকা হারে খোরাকী বাবদ নগদ অর্থ হাজিরা ভিত্তিতে প্রদান করা হবে। এসংক্রান্ত রেজিষ্টার খাতা সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রকে সংরক্ষন করতে হবে। যে সমস্ত কেন্দ্রে গ্যাসের ব্যবস্থা নেই উক্ত কেন্দ্রের জন্য অতিরিক্ত ২০/- টাকা (১৫০/- টাকার অতিরিক্ত) জনপ্রতি হারে জ্বালানী কাঠের মূল্য বাবদ বরাদ্দ রাখা হবে।

১৩. প্রশিক্ষণার্থীদের খোরাকী ভাতা বাবদ অর্থ অগ্রিম উত্তোলন ঃ সকল প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের ১মাসের খোরাকী ভাতা পৃথক পৃথকভাবে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে অগ্রিম উত্তোলন করা হবে। অর্থ বছরে খোরাকী খাতে বাজেট বরাদ্দ সাপেক্ষে ১২মাসের জন্য ১ মাসের বরাদ্দ হিসেবে ১বারই প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে অগ্রিম উত্তোলন করা যাবে। প্রতি মাসের খোরাকীর অগ্রিম অর্থ হিসাব রক্ষন অফিসে সমন্বয় পূর্বক পরবর্তী মাসে পুনরায় ১মাসের অর্থ উত্তোলন করা যাবে। এসংক্রান্ত রেকডপত্র সংশ্লিষ্ট কেন্দ্রকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

১৪. মেস কমিটি ঃ প্রশিক্ষণার্থীদের নিয়ে কেন্দ্রে ৫(পাচঁ) সদস্য বিশিষ্ট ১টি মেস কমিটি থাকবে। প্রত্যেক সপ্তাহের জন্য ১টি মেস কমিটি গঠন করা হবে। ৩মাস মেয়াদী কোর্সে পর্যায়ক্রমে প্রায় সকল প্রশিক্ষণার্থীরা মেস কমিটিতে অর্ন্তভূক্ত হবে। উক্ত কমিটি প্রশিক্ষণার্থী ভর্তি হওয়ার ১ম সপ্তাহে গঠিত হবে। মেস কমিটি খাদ্য সামগ্রী স্থানীয় বাজার হতে সরাসরি ক্রয় এবং মালামাল কেন্দ্রের নির্দিষ্ট ষ্টোরে সংরক্ষণ করবে। উক্ত কমিটি দৈনিক খাদ্য পরিবেশনের তালিকা মোতাবেক খাদ্য সামগ্রী রক্ষণ এবং পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করবে। প্রশিক্ষণ কেন্দ্রের ৩ সদস্য বিশিষ্ট পৃথক ১টি তদারকী কমিটি সার্বিক বিষয়ে তদারকী করবে।

১৫. ক্লাশের সময়কাল ঃ প্রতি তত্ত্বীয়/ব্যবহারিক ক্লাশের সময়কাল কমপক্ষে ২ (দুই) ঘন্টা হবে। মোট ক্লাশের ২০% তত্ত্বীয় এবং ৮০% ব্যবহারিক ক্লাশ হবে।

১৬. অতিথি প্রশিক্ষকের সম্মানী ভাতা ঃ প্রতি ২ ঘন্টা (তত্ত্বীয়/ব্যবহারিক) ক্লাশের জন্য অতিথি প্রশিক্ষকের সম্মানী ভাতা ১০০০/- টাকা হবে। সংশ্লিষ্ট বিষয়ে অতিথি প্রশিক্ষকগণ বিশেষ ভাবে দক্ষ এবং অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

১৭. অতিথি প্রশিক্ষকের সম্মানী ভাতা অগ্রীম উত্তোলন ঃ ৩মাস/৬ মাস মেয়াদী ৩৬০ ঘন্টা প্রতি কোর্সের জন্য সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আর্থিক বছরে বাজেট বরাদ্দ সাপেক্ষে অতিথি প্রশিক্ষকের সম্মানী ভাতা বাবদ অর্থ প্রশিক্ষণ খাত কোড নং-৪৮৪০ হতে হিসাব রক্ষণ অফিস হতে উত্তোলন করতে হবে। পরবর্তী কোর্সে অগ্রিম উত্তোলনকৃত অর্থ সমন্বয় পূর্বক পুনরায় অর্থ উত্তোলন করা হবে।

. স্থায়ী অগ্রিম ঃ প্রত্যেক কেন্দ্রের জন্য জরুরী প্রয়োজনে আপদকালীন সময়ে খরচের উদ্দেশ্যে ২৫,০০০/- টাকা স্থায়ী অগ্রিম থাকতে হবে। কেন্দ্রের কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে উক্ত স্থায়ী অগ্রিম হতে প্রয়োজনীয় অর্থ ব্যয় করা হবে। যা পরবর্তীতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয় পূর্বক হিসাব রক্ষণ অফিস হতে উত্তোলন করতে হবে।

১৯. প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা ঃ সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/আয়ন-ব্যয়ন কর্মকর্তা মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অনুরূপ স্থানীয় পর্যায়ের অফিস প্রধান প্রশাসনিক এবং আর্থিক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সকল দায়িত্ব পালন করবে।

২০. আবাসিক কেন্দ্রে সংযুক্ত প্রশিক্ষকের সুযোগ সুবিধা ঃ ~~সংযুক্ত~~ প্রশিক্ষকগন প্রত্যেক আবাসিক কেন্দ্রে ১টি কক্ষে বিনা ভাড়ায় থাকার সুযোগ পাবেন । বিবেচিত, (সংশোধন করণীয়)

২১. প্রশিক্ষণ কার্যক্রমের ধারাবাহিক ও চুড়ান্ত মূল্যায়ন ঃ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন জাতীয় দক্ষতামান বেসিক অনুসারে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ বিষয়ে ধারাবাহিক এবং চুড়ান্ত মূল্যায়ন করা হবে।

২২. প্রশিক্ষণার্থী নিবন্ধন ঃ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের (বাকাশিবো) অধীনে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে নিবন্ধন করা হবে। নিবন্ধন ফি বাবদ কোন অর্থ প্রশিক্ষণার্থীর নিকট হতে কেন্দ্র গ্রহন করবে না। প্রতি ট্রেডের ফি বাবদ অর্থ ও প্রশিক্ষণার্থীদের রেজিষ্ট্রেশন বাবদ অর্থ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে (বাকাশিবো) এর নির্ধারিত ফি সংশ্লিষ্ট কেন্দ্রকে পরিশোধ করতে হবে। মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব বাজেটের প্রশিক্ষণ খাত কোড নং-৪৮৪০ হতে উক্ত ব্যয় বহন করা হবে। সে মোতাবেক নিবন্ধন ফি-বোর্ডের নির্ধারিত হার মোতাবেক হিসাব রক্ষন অফিস হতে বিল পাশ সাপেক্ষে বাংলাদেশ কারিগরি বোর্ডের চেয়ারম্যান/সচিবের অনুকূলে চেক প্রদান করা হবে। বোর্ডকে কোন নগদ অর্থ প্রদান করা হবে না। নিবন্ধন বাবদ অর্থ প্রত্যেক প্রশিক্ষণ কেন্দ্রের অনুকূলে মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব বাজেট হতে বরাদ্দ রাখা হবে। নিয়ম অনুযায়ী — হলে ভালো হয়

২৩. সনদপত্র/স্যার্টিফিকেট প্রদান ঃ বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড তত্ত্বীয় ও ব্যবহারিক মূল্যায়ন শেষে সনদপত্র/স্যার্টিফিকেট দ্রুত আবাসিক কেন্দ্রের উপ-পরিচালক/আয়ন ব্যয়ন কর্মকর্তা/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করবে। প্রশিক্ষিতরা পরবর্তী সময়ে অনুষ্ঠানের মাধ্যমে সনদপত্র গ্রহন করবেন অথবা সনদপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে বাকাশিবো এর সনদপত্র উত্তীর্ণ প্রশিক্ষণার্থীরা সংগ্রহ করবেন।

২৪. প্রশিক্ষণ কার্যক্রমের প্রতিবেদন ঃ প্রতিমাসের ১ তারিখ অধিদপ্তরের প্রশাসন ও প্রশিক্ষণ শাখায় প্রশিক্ষণ সংক্রান্ত ২টি প্রতিবেদন আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রেরণ করতে হবে।

| ক্রঃ নং | কেন্দ্রের নাম | প্রশিক্ষণার্থী ভর্তির তারিখ | প্রতি ট্রেডে প্রশিক্ষণার্থী ভর্তির লক্ষ্যমাত্রা | ভর্তিকৃত প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণ সমাপ্ত/উত্তীর্ণ প্রশিক্ষণার্থীর সংখ্যা | চলতি অর্থ বছরে ক্রমপুঞ্জিত উত্তীর্ণ /প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | | | | | | | |
| ২. | | | | | | | |
| ৩. | | | | | | | |
| ৪. | | | | | | | |
| ৫. | | | | | | | |

২৫. কম্পিউটার প্রশিক্ষণের কশনমানি ফেরত সংক্রান্ত ঃ কম্পিউটার প্রশিক্ষণ সময়কালে কোন ধরনের যন্ত্রপতির নষ্ট না হলে পরীক্ষা শেষে কশনমানি ফেরত প্রদান করা হবে।

২৬. শিক্ষা সফর ঃ প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীদের শিক্ষা সফর/ট্রেড ভিত্তিক ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠানে শিক্ষা সফর/ক্রস ভিজিট এর ব্যবস্থা করা হবে। উক্ত শিক্ষা সফরের জন্য যানবাহন বাবদ ব্যয় বরাদ্দ রাখা হবে।

২৭. ফলোআপ ঃ প্রতি বছর শেষে ১ বছর সময়ে প্রশিক্ষণ সমাপ্তকারি প্রশিক্ষণার্থীদের নিয়ে একটি ফলোআপ বা মতবিনিময় সভা করা হবে। এ সংক্রান্ত ব্যয় বাজেটে বরাদ্দ রাখা হবে।

২৮. জনবল বদলী ঃ সরকারী নিয়ম অনুযায়ী অধিদপ্তরের অন্য কার্যালয়/অন্য প্রশিক্ষণ কেন্দ্রে জনবল বদলী করা যাবে।

২৯. জেনারেটর/যানবাহন ঃ সকল প্রশিক্ষণ কেন্দ্রের জন্য জেনারেটর ও যানবাহনের ব্যবস্থা রাখা হবে। জ্বালানী বাবদ অর্থের সংস্থান বাজেটে বরাদ্দ রাখা হবে।

৩০. ইনসেনটিভ ঃ প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের জন্য মুল বেতনের ৩০% হারে ভাতার ব্যবস্থা রাখা হবে।

৩১. নতুন ট্রেড কোর্স চালু সংক্রান্ত ঃ যে সব কোর্সের চাহিদা কম, সে সব কোর্স বন্ধ করা এবং শিল্প খাতের নতুন নতুন চাহিদা মেটাতে ও বাস্তবতার নিরীখে প্রয়োজনে নতুন ট্রেড কোর্স চালু করা যাবে। ← কমিটির প্রয়োজন

৩২. ডাটাবেস ঃ প্রশিক্ষণ কেন্দ্র সমুহে প্রশিক্ষণার্থী ভর্তি, প্রশিক্ষণ সমাপ্তকারী, কর্মসংস্থান, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃতাত্তিক জনগোষ্টি এবং কর্মসংস্থানের এলাকা ইত্যাদির বিষয়ে প্রত্যেক কেন্দ্রে একটি ডাটাবেস সংরক্ষণ করা হবে।

৩৩. দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ নীতিমালা সংশোধন/পরিমার্জন ঃ সময়ের চাহিদা এবং বাস্তব প্রেক্ষাপটে আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রের এই দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ নীতিমালা যুগোপযোগী/পরিবর্তন/সংশোধন করা যাবে।

৩৪. ভবিষ্যতে যে সকল আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র চালু হবে তা এই প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে।

(জাকিয়া ইয়াসমিন জোয়ার্দার)
উপ-পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

এ. বি. এম. জাকির হোসাইন
পরিচালক (যুগ্ম-সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

১৫.১২.১৪
মোঃ এ. জাফর সরকার
উপ-সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিশিষ্ট-১

প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গাড়ের্ন রোড, ঢাকা

স্মারক নং- তারিখ ঃ

মহিলা প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলাদের অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন নিম্নেবর্ণিত প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন ট্রেডে ভর্তির নিমিত্তে আগ্রহী মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | প্রশিক্ষণ কেন্দ্রের নাম | প্রশিক্ষণের ট্রেড কোর্সের নাম | শিক্ষাগত যোগ্যতা | আসন সংখ্যা | প্রশিক্ষণের মেয়াদ | আবাসিক অনাবাসিক | ভর্তি পরীক্ষা ও তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | শহীদ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী, জিরানী, গাজীপুর।<br>☎- ০১৭১১৮৬৯১১৪ | ক) Sewing Maching Operation<br>খ) Computer Office Applicaition<br>গ) Dress Making & Tailoring<br>ঘ) Beauti ficaton<br>ঙ) Mobile Servicing | ৮ম শ্রেণী<br>এইচ এস সি<br>৮ম শ্রেণী<br>৮ম শ্রেণী<br>৮ম শ্রেণী | ২৫ জন<br>২৫ জন<br>২৫ জন<br>১৫ জন<br>১০ জন | ৩মাস/৩৬০ ঘন্টা<br>৩মাস/৩৬০ ঘন্টা<br>৩মাস/৩৬০ ঘন্টা | অনাবাসিক<br>আবাসিক<br>আবাসিক<br>আবাসিক<br>আবাসিক | |
| ০২ | মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, জিরাবো, সাভার, ঢাকা।<br>☎- ০১৭১২১৯৫৬৫৯ | ক) পেষ্ট্রি এন্ড বেকারী প্রোডাকশন<br>খ) মাসরুম ও জৈব চাষাবাদ<br>গ) ফুড এন্ড কেভারেজ প্রোডাকশন | ৮ম শ্রেণী<br>৮ম শ্রেণী<br>৮ম শ্রেণী | ২৫ জন<br>২৫ জন<br>২৫ জন | ৩মাস/৩৬০ ঘন্টা<br>৩মাস/৩৬০ ঘন্টা | আবাসিক<br>আবাসিক<br>আবাসিক | |
| ০৩ | বেগম রোকেয়া প্রশিক্ষণ কেন্দ্র, দিঘারকান্দা, ময়মনসিংহ।<br>০৯১-৬৩৬২৬<br>☎- ০১৫৫২৩৯৫০৭৩, | ক) হাউজ কিপিং<br>খ) বিউটিফিকেশন<br>গ) Computer Office Applicaition<br>ঘ) Sewing Maching Operatin<br>ঙ) Dress Making & Tailoring | ৮ম শ্রেণী<br>৮ম শ্রেণী<br>এইচ এস সি<br>৮ম শ্রেণী<br>৮ম শ্রেণী | ২৫জন<br>২৫জন<br>২৫জন<br>২৫জন<br>২৫জন | ৩মাস/৩৬০ ঘন্টা<br>৩মাস/৩৬০ ঘন্টা<br>৩মাস/৩৬০ ঘন্টা | আবাসিক<br>আবাসিক<br>অনাবাসিক<br>আবাসিক/ অনাবাসিক<br>আবাসিক/ অনাবাসিক | |
| ০৪ | মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, বাগেরহাট<br>☎-০১৯১২৮৮৫৯৮৪ | ক) বেসিক কম্পিউটার<br>খ) আধুনিক গার্মেন্টস<br>গ) সমন্বিত মৌচাক চাষ<br>ঘ) সমন্বিত কৃষি (কৃষি, পশুসম্পদ, মৎস্য ) | এইচ এস সি<br>৮ম শ্রেণী<br>৮ম শ্রেণী<br>৮ম শ্রেণী | ২৫ জন<br>২৫ জন<br>২৫জন<br>২৫জন | ৩মাস/৩৬০ ঘন্টা<br>৩মাস/৩৬০ ঘন্টা<br>৩মাস/৩৬০ ঘন্টা<br>৩মাস/৩৬০ ঘন্টা | আবাসিক<br>আবাসিক<br>আবাসিক<br>আবাসিক | |
| ০৫ | মা ফাতেমা (রাঃ) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স, সারিয়াকান্দি, বগুড়া।<br>০৫৫১-৬৬২৩৬<br>☎- ০১৭১১৭৮১৮৪০ | ক) আধুনিক গার্মেন্টস<br>খ) টেইলারিং এন্ড এমব্রয়ডারী<br>গ) লন্ড্রি | ৮ম শ্রেণী<br>৮ম শ্রেণী<br>৮ম শ্রেণী | ২৫ জন<br>১৫ জন<br>১০ জন | ৩ মাস/৩৬০ ঘন্টা<br>৩মাস/৩৬০ ঘন্টা | আবাসিক<br>আবাসিক<br>আবাসিক | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৬ | মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর ০৫৩১-৬৫০৪৩ | আধুনিক গার্মেন্টস | ৮ম শ্রেণী | ৫০ জন | | আবাসিক | |
| ০৭ | মানব সম্পদ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী। ☎- ০১৭২১৭৬১৭৩৬ | | | | | | |

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ ঃ

০১। প্রার্থীর বয়স ১৮ - ৩৫ বৎসরের মধ্যে হতে হবে;

০২। নির্বাচনের বিষয়ে অবিবাহিত/তালাকপ্রাপ্ত/স্বামী নাই এমন মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে;

০৩। সকালে ১ ঘন্টা ও বিকালে ১ ঘন্টা মোট ২ ঘন্টা কৃষির বিভিন্ন বিষয়ে হাতে কলমে বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। কেন্দ্রের প্রচলিত নিয়ম-কানুন মেনে চলতে হবে। না চললে প্রয়োজনে প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ হতে বহিস্কার করা হবে;

০৪। অধ্যয়নরত ছাত্রী ও চাকুরীরত মহিলাদেরকে ভর্তি করা হবে না;

০৫। কোন ছোঁয়াচে বা সংক্রামক রোগাক্রান্ত অথবা অন্তসত্তা মহিলাদের আবেদন করার প্রয়োজন নাই;

০৬। নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, সাক্ষাৎপ্রার্থী ২ জনের নাম ও সম্পর্ক যোগাযোগের স্বার্থে ফোন/মোবাইল ফোন নাম্বার (যদি থাকে) উল্লেখ পূর্বক সাদা কাগজে সংশ্লিষ্ট কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার বরাবরে আবেদন করতে হবে। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, ২টি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্বের সনদপত্র জমা দিতে হবে। জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সুপারিশপ্রাপ্ত আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;

০৭। একজন প্রশিক্ষণার্থী বর্ণিত ১টি ট্রেডের জন্য আবেদন করতে পারবেন;

০৮। ....................তারিখ সকাল ১০.৩০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য বলা হলো;

০৯। ভর্তি পরীক্ষা আগামী ................তারিখ রোজ.............. সকাল ১১.০০ ঘটিকায় সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন আলাদা কার্ড ইস্যু করা হবে না। নির্বাচিত প্রশিক্ষণার্থীর ভর্তি এবং ঐ দিন হতেই হোষ্টেলে অবস্থান করতে হবে। প্রয়োজনীয় জিনিসপত্র সংগে নিয়ে আসতে হবে।

১০। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না এবং

১১। প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য কোন প্রকার ফি দিতে হবে না, তবে ড্রপ আউট রোধে ভর্তির ১ মাসের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষ বোর্ডের নিবন্ধন করার জন্য নিবন্ধন ফি প্রাথমিক ভাবে প্রশিক্ষণার্থীদেরকে বহন করতে হবে, মূল্যায়ন শেষে উত্তীর্ণ হবার পর যা ফেরত প্রদান করা হবে।

১২। কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে কোর্স ফি বাবদ মাসিক ২০০ টাকা হারে ভর্তির সময় নগদ জমা দিতে হবে। কম্পিউটার কোর্সে ভর্তির সময় ৫০০ টাকা কশনমানি হিসেবে জমা দিতে হবে; যা কোর্স শেষে লিখিত আবেদনের প্রেক্ষিতে ফেরত প্রদান করা হবে।

১০.৪ প্রশিক্ষণার্থীদের সুযোগ সুবিধা ঃ

১. প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মূল্যায়নের ভিত্তিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে সনদপত্র প্রদান করা হবে;

২. আবাসিক সুবিধাপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদেরকে বিনামূল্যে ৩ (তিন) বেলা খাদ্য ও হোষ্টেলে থাকার সুযোগ প্রদান করা হবে

৩. প্রশিক্ষণ শেষে আবাসিক/অনাবাসিক সকল প্রশিক্ষণার্থীকে জনপ্রতি মাসিক ৯০০/- টাকা হারে ৩ মাসে ২৭০০/- টাকা প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

মহাপরিচালক/পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

(জাকিয়া ইয়াসমিন জোয়ার্দার)
উপ-পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।



এ. বি. এম. জাকির হোসাইন